

মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১৬৭

৩. নামায (الصلاة)

পরিচ্ছেদঃ ৪. নামাযের আরম্ভ

بَابُ افْتِتَاحِ الصَّلَاةِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ، عَنْ ابْنِ شِهَابٍ، أَنَّهُ كَانَ يَقُولُ إِذَا أَدْرَكَ الرَّجُلُ الرَّكْعَةَ فَكَبَّرَ تَكْبِيرَةً وَاحِدَةً أَجْزَأَتْ عَنْهُ تِلْكَ التَّكْبِيرَةُ . قَالَ مَالِكٌ وَذَلِكَ إِذَا نَوَى بِتِلْكَ التَّكْبِيرَةِ افْتِتَاحَ الصَّلَاةِ . وَسُئِلَ مَالِكٌ عَنْ رَجُلٍ دَخَلَ مَعَ الْإِمَامِ فَنَسِيَ تَكْبِيرَةَ الْإِفْتِتَاحِ وَتَكْبِيرَةَ الرُّكُوعِ حَتَّى صَلَّى رَكْعَةً ثُمَّ ذَكَرَ أَنَّهُ لَمْ يَكُنْ كَبَّرَ تَكْبِيرَةَ الْإِفْتِتَاحِ وَلَا عِنْدَ الرُّكُوعِ وَكَبَّرَ فِي الرَّكْعَةِ الثَّانِيَةِ قَالَ يَبْتَدِئُ صَلَاتَهُ أَحَبُّ إِلَيَّ وَلَوْ سَهَا مَعَ الْإِمَامِ عَنْ تَكْبِيرَةِ الْإِفْتِتَاحِ وَكَبَّرَ فِي الرُّكُوعِ الْأَوَّلِ رَأَيْتُ ذَلِكَ مُجْزِئًا عَنْهُ إِذَا نَوَى بِهَا تَكْبِيرَةَ الْإِفْتِتَاحِ . قَالَ مَالِكٌ فِي الَّذِي يُصَلِّي لِنَفْسِهِ فَنَسِيَ تَكْبِيرَةَ الْإِفْتِتَاحِ إِنَّهُ يَسْتَأْنِفُ صَلَاتَهُ . وَقَالَ مَالِكٌ فِي إِمَامٍ يَنْسَى تَكْبِيرَةَ الْإِفْتِتَاحِ حَتَّى يَفْرُغَ مِنْ صَلَاتِهِ قَالَ أَرَى أَنْ يُعِيدَ وَيُعِيدُ مَنْ خَلْفَهُ الصَّلَاةَ وَإِنْ كَانَ مَنْ خَلْفَهُ قَدْ كَبَّرُوا فَإِنَّهُمْ يُعِيدُونَ .

বাংলা

রেওয়ায়ত ২২. মালিক (রহঃ) ইবন শিহাব (রহঃ) হইতে বর্ণনা করিয়াছেন- তিনি বলিয়াছেনঃ যদি কোন ব্যক্তি এক রাকআত নামায পায় এবং একবার তকবীর বলে তাহার জন্য ঐ এক 'তকবীর যথেষ্ট হইবে।

ইয়াহইয়া (রহঃ) মালিক (রহঃ) হইতে বর্ণনা করিয়াছেন- ঐ এক 'তকবীরই যথেষ্ট হইবে যদি সে উক্ত তকবীর দ্বারা 'তকবীর-এ তাহরীমা'-এর নিয়ত করে।

ইয়াহইয়া (রহঃ) হইতে বর্ণিত, মালিক (রহঃ)-কে প্রশ্ন করা হইলঃ এক ব্যক্তি ইমামের সঙ্গে নামাযে শরীক হইল কিন্তু সে তববীর-এ তাহরীমা' ও রুকূর 'তকবীর বলিতে ভুলিয়া গেল। নামায এক রাকআত পড়ার পর তাহার স্মরণ হইল যে, সে 'তাহরীমা' ও রুকূর তকবীর বলে নাই। অতঃপর দ্বিতীয় রাকআতে সে তকবীর বলিল।

তাহার কি করা উচিত? তিনি উত্তর দিলেন, সেই ব্যক্তির জন্য নামায শুরু হইতে পুনরায় পড়া আমি ভাল মনে করি। আর যদি কোন ব্যক্তি ইমামের সঙ্গে 'তকবীর-এ-তাহরীমা' বলিতে ভুলিয়া যায়, প্রথম রুকূর সময় তকবীর'

বলে, রুকুর তকবীরের সঙ্গে 'তকবীর-এ-তাহরীমা'রও নিয়ত করে, তবে আমার মতে উক্ত রুকুর 'তকবীর'ই তাহার জন্য যথেষ্ট হইবে।

ইয়াহইয়া (রহঃ) হইতে বর্ণিত, মালিক (রহঃ) বলিয়াছেনঃ যে ব্যক্তি একা একা নামায পড়িতেছে সে 'তকবীর-এ-তাহরীমা' ভুলিয়া গেলে তাহাকে নামায পুনরায় পড়িতে হইবে।

ইয়াহইয়া (রহঃ) হইতে বর্ণিত, মালিক (রহঃ) বলিয়াছেনঃ ইমাম যদি 'তকবীর-এ-তাহরীমা' বলিতে ভুলিয়া গেলেন এবং নামায সমাপ্ত করিলেন, তবে আমার মতে ইমাম ও মুকতাদী উভয়ের নামায পুনরায় পড়া উচিত, এমন কি মুকতাদীগণ তকবীর বলিয়া থাকিলেও।

English

Yahya related to me from Malik that Ibn Shihab used to say, "When a man catches the raka he says, 'Allah is greater' once, and that takbir is enough for him."

Malik added, "That is if he intended to begin the prayer by that takbir "

Malik was asked about a man who began with the imam but forgot the opening takbir and the takbir of the ruku until he had done one raka. Then he remembered that he had not said the takbir at the opening nor in the ruku,so he said the takbir in the second raka. He said, "I prefer that he start his prayer again, but if he forgets the opening takbir with the imam and says the takbir in the first ruku, I consider that enough for him if he intends by it the opening takbir."

Malik said, about some one who prayed by himself and forgot the opening takbir, "He begins his prayer afresh ."

Malik said, about an imam who forgot the opening takbir until he had finished his prayer, "I think that he should do the prayer again, and those behind him, even if they have said the takbir."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73059>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন